


## অতি বৃষ্টিতে ছাদ বাগানীদের জন্য করণীয় :-

অতি বৃষ্টিতে গাছের গোড়ায় পানি জমে গেলে সে পানি ফেলে দিতে হবে তা না হলে গাছ মরে যেতে পারে।



টবের নিচে ট্রেতে যদি পানি জমে তাহলে মশা জন্মাতে পারে সেজন্য ট্রের পানি অন্য একটি পাত্রে রেখে পরবর্তীতে মাটি শুকালে সে পানি ব্যবহার করা যাবে কারণ ট্রেতে যে পানি জমেছে তা সার মিশ্রিত পানি এবং ট্রেগুলো উল্টো করে রাখতে হবে।



পাত্রে কোন পাতা বা অন্যান্য কিছু থাকলে তা অপসারণ করতে হবে, পরে ঐ পাতা পচে গাছের গোড়ায় ছত্রাক এর আক্রমণ বাড়াতে পারে।



টবের ছিদ্রে শিকড় জমে পানি নিষ্কাশন এ বাধা সৃষ্টি করে ফলে টবে পানি জমে থাকে। টবের ছিদ্র পরিষ্কার রাখতে হবে।



অতি বৃষ্টিতে গাছে গোড়া নরম হয়ে গাছ ঢলে পড়তে পারে। সেজন্য একটি শক্ত খুঁটি দিয়ে গাছকে বেধে দিতে হবে।



অতি বৃষ্টি হতে গাছকে বাচাতে হলে টবটিকে পলিথিন বা অন্য কোন কিছু ঢেকে দিতে হবে যাতে অতিরিক্ত পানি গাছের গোড়া না পড়ে পরে বৃষ্টি কমে গেলে পলিথিন সরিয়ে দিতে হবে।



প্রচারে : মেট্রোপলিটন কৃষি অফিস, গুলশান, ঢাকা।

যে কোন পরামর্শের জন্য অত্র এলাকার উপ সহকারী কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করুন।